## *আপনি গার্হ্যস্থ সহিংসতার শিকার হলে, পুলিশ এবং আদালত সাহায্য করতে পারে।*

***পুলিশ কী করতে পারে:***

*সহিংসতার জায়গা থেকে দূরে একটি নিরাপদ জায়গা খুঁজে পেতে আপনাকে সহায়তা করতে।
*আপনাকে সহিংসতা থেকে রক্ষা করতে আদালত কীভাবে সহায়তা করতে পারে সে সম্পর্কে আপনাকে অবগত করতে।
*আপনার বা আপনার সন্তানদের কোনো আঘাত লাগলে আপনাদের সহায়তা করতে।
*আপনার বাড়ি থেকে আপনার প্রয়োজনীয় জিনিসপত্র পেতে সহায়তা করতে।
*সহিংসতাটি সম্পর্কে পুলিশের রিপোর্টের কপিগুলি আপনাকে দিতে।
*ফৌজদারি আদালতে একটি অভিযোগ দায়ের করতে, এবং আপনার স্থানীয় ফৌজদারি আদালত এবং পারিবারিক আদালতগুলি কোথায় তা আপনাকে বলতে।

***আদালত কী করতে পারে:***

*যিনি আপনার ক্ষতি করেছেন বা হুমকি দিয়েছেন তিনি আপনার রক্তের বা বৈবাহিক সম্পর্কের হলে, বা এমন কেউ যার সাথে সম্পর্কের ফলে আপনার একটি সন্তান আছে, বা এমন কেউ যার সাথে আপনার ঘনিষ্ঠ সম্পর্ক আছে বা ছিল, তাহলে আপনার কেসটিকে পারিবারিক আদালত, ফৌজদারি আদালত বা উভয় আদালতে নিয়ে যাওয়ার অধিকার আপনার আছে।
*আপনার যে ফর্মগুলি প্রয়োজন সেগুলি পারিবারিক আদালত এবং ফৌজদারি আদালতে পাবেন।
*আদালত আপনার, আপনার সন্তানদের এবং কোনো সাক্ষী যদি অনুরোধ করেন তাহলে তার সুরক্ষার জন্য সাময়িক আদেশ প্রদান করার সিদ্ধান্ত নিতে পারেন।
*পারিবারিক আদালত যদি দেখে যে আপনার একজন উকিল নিয়োগ করার ক্ষমতা নেই তাহলে আপনাকে সহায়তা করার জন্য পারিবারিক আদালত একজন উকিল নিয়োগ করতে পারেন।
*পারিবারিক আদালত সাময়িক শিশু সহায়তা এবং আপনার সন্তানদের সাময়িক ভরণপোষণের আদেশ দিতে পারে।

**নিউইয়র্কের আইন জানায়:** আ পনি কি গার্হ্যস্থ সহিংসতার শিকার? আপনার এখন সহায়তার প্রয়োজন হলে, পুলিশ ডাকতে আপনি 911 নম্বরে ফোন করতে পারেন। আপনি একটি গার্হ্যস্থ সহিংসতার হটলাইনেও ফোন করতে পারেন। আপনার কমিউনিটির মধ্যে আপনি কী সহায়তা পেতে পারেন সে সম্পর্কে আপনি একজন উকিলের সাথে হটলাইনে গোপনে কথা বলতে পারেন, যার মধ্যে অন্তর্ভুক্ত: আপনি কোথায় আপনার আঘাতের চিকিৎসা করাতে পারবেন, আপনি কোথায় আশ্রয় পাবেন, আপনি কোথায় সহায়তা পাবেন, এবং নিরাপদে থাকার জন্য আপনি কী করতে পারেন। নিউইয়র্ক স্টেট 24-ঘণ্টা গার্হ্যস্থ ও যৌন সহিংসতার (Domestic & Sexual Violence) হটলাইন নম্বর 1-800-942-6906। তারা আপনাকে বহু ভাষায় তথ্য দিতে পারবে। আপনি যদি বধির বা কানে কম শোনেন তাহলে 711 নম্বরে ফোন করুন। পুলিশ যা করতে পারে: তারা আপনাকে পরিবারের একজন সদস্য বা বন্ধুর বাড়ি বা আপনার কমিউনিটিতে একটি আশ্রয়ের মতো একটি নিরাপদ জায়গা খুঁজে বের করতে আপনাকে এবং আপনার সন্তানদের সাহায্য করতে পারে। আপনাকে এবং আপনার সন্তানদের আপনার কমিউনিটিতে একটি নিরাপদ জায়গায় নিয়ে যেতে বা একটি নিরাপদ আশ্রয় পেতে আপনি অধিকারিককে বলতে পারেন। তারা আপনাকে একটি স্থানীয় গার্হ্যস্থ সহিংসতা কর্মসূচির সাথে সংযোগ করতে সাহায্য করতে পারে। আপনার চিকিৎসা পরিচর্যা পাওয়ার জন্য তারা আপনাকে একটি হসপিটাল বা ক্লিনিক পেতে সহায়তা করতে পারেন। আপনার নিজস্ব জিনিসপত্র পেতে তারা আপনাকে সহায়তা করতে পারে। ঘটনাটি আলোচনা করে তাদের অবশ্যই একটি রিপোর্ট সম্পূর্ণ করতে হবে। ঘটনাস্থল ছেড়ে আসার আগে তারা আপনাকে এই পুলিশ রিপোর্টের একটি কপি দেবেন। সেটি বিনামূল্যের। আপনি একটি অপরাধের শিকার হলে, যে বা যারা আপনার ক্ষতি করেছেন তাদের গ্রেপ্তার করবেন এবং কখনও কখনও তাদের গ্রেপ্তার করতেই হবে। গ্রেপ্তার হওয়া ব্যক্তি যে কোনো সময় ছাড়া পেতে পারেন, তাই আপনার নিরাপত্তার জন্য পরিকল্পনা করা গুরুত্বপূর্ণ। আপনি নির্যাতিত বা হুমকিপ্রাপ্ত হলে, পুলিশ বা ডিস্ট্রিক্ট অ্যাটর্নির কাছে আপনি যা বলতে পারেন: যে ব্যক্তি আপনার ক্ষতি করেছেন তার বিরুদ্ধে একটি অপরাধের অভিযোগ দায়ের করতে। ডিস্ট্রিক্ট অ্যাটর্নি আদালতে একটি ফৌজদারি মামলা দায়ের করলে ফৌজদারি আদালতকে আপনার এবং আপনার সন্তানের প্রতিরক্ষার জন্য একটি আদেশ জারি করতে বলতে পারেন। আপনার স্থানীয় পারিবারিক আদালতে একটি পারিবারিক অপরাধের পিটিশন দায়ের করা সম্পর্কে আপনাকে তথ্য দেবেন। পারিবারিক আদালতের কাছে আপনার এবং আপনার সন্তানদের জন্য একটি প্রতিরক্ষার আদেশ জারি করতে বলার অধিকারও আপনার আছে। পারিবারিক আদালতের কাছে আপনি যা চাইতে পারেন: আপনার পারিবারিক আদালতের পিটিশন দায়ের করার পর একই দিনে আদালতে যেতে। আপনার অনুরোধ যে দিন ফাইল করা হয়েছে সেই দিন বা পরের দিন আদালত খোলার পরে সেটির শুনানি করতে। শুধুমাত্র একজন বিচারকই একটি প্রতিরক্ষার আদেশ জারি করতে পারেন। যে ব্যক্তি আপনার ক্ষতি করেছেন তার বিরুদ্ধে একটি ফৌজদারি বা পারিবারিক আদালতের মামলার অংশ হিসেবে বিচারক সেটি করেন। পারিবারিক আদালতে বা ফৌজদারি আদালতে একটি প্রতিরক্ষার আদেশ বলতে পারে: এই যে ডাকযোগে, ফোনে, কম্পিউটারের মাধ্যমে বা অন্য ব্যক্তিবর্গের মাধ্যমে অন্য ব্যক্তির আপনার সাথে কোনো যোগাযোগ বা কথাবার্তা নেই। এই যে অন্য ব্যক্তিটি আপনার এবং আপনার সন্তানদের, আপনার বাড়ি, কর্মস্থল বা স্কুল থেকে দূরে থাকবেন। এই যে অন্য ব্যক্তিটি আপনার বা আপনার সন্তানদের বিরুদ্ধে কোনো হামলা, নির্যাতন, হুমকি, শ্বাসরোধ, বা অন্য কোনো পারিবারিক অপরাধ না করেন। এই যে অন্য ব্যক্তিটি তাদের আগ্নেয়াস্ত্র এবং আগ্নেয়াস্ত্রের লাইসেন্স সমর্পণ করেন, এবং আর কোনো আগ্নেয়াস্ত্র না পান। এই যে আপনি যেন আপনার সন্তানদের সাময়িক হেফাজত পান। এই যে অন্য ব্যক্তি সাময়িক শিশু সহায়তা প্রদান করেন। এই যে অন্য ব্যক্তিটি আপনার পোষ্য বা সহায়ক জীবজন্তুর ক্ষতি করবেন না। রাত হয়ে যাওয়া, উইকেন্ড, বা একটি ছুটির দিনের জন্য পারিবারিক আদালত বন্ধ থাকলে একটি প্রতিরক্ষার আদেশের জন্য আপনি ফৌজদারি আদালতের দ্বারস্থ হতে পারেন। আপনি ইংরেজি বলতে না পারলে বা ভালো না বলতে পারলে, আপনার ভাষা বলেন এমন একজন দোভাষী পাওয়ার জন্য আপনি পুলিশ, ডিস্ট্রিক্ট অ্যাটর্নি, বা ফৌজদারি বা পারিবারিক আদালতকে বলতে পারেন। কী হয়েছে তা ব্যাখ্যা করার জন্য দোভাষী আপনাকে সাহায্য করবেন। একটি প্রতিরক্ষার আদেশ চাওয়ার জন্য আপনার প্রয়োজনীয় ফর্মগুলি আপনি আপনার স্থানীয় পারিবারিক আদালতে পাবেন। আপনি অনলাইনেও সেগুলি পেতে পারেন: www.NYCourts.gov/forms. একটি প্রতিরক্ষার আদেশ চাওয়ার জন্য আপনার কোনো আইনজীবী লাগবে না। পারিবারিক আদালতে একজন আইনজীবী পাওয়ার অধিকার আপনার আছে। পারিবারিক আদালত যদি দেখে যে আপনার একজন আইনজীবী নিয়োগ করার ক্ষমতা নেই তাহলে আদালতকে অবশ্যই বিনামূল্যে আপনার জন্য একজন আইনজীবীর বন্দোবস্ত করতে হবে। আপনি একটি অভিযোগ বা পারিবারিক আদালতে পিটিশন দায়ের করলে, আপনাকে আপনার সত্যতার শপথ গ্রহণ করতে হবে কারণ আপনি জানেন মিথ্যা , এমন একটি আইনি নথি দায়ের করা একটি অপরাধ। *(নিউইয়র্ক স্টেট ফৌজদারি মামলার আইন, অনুচ্ছেদ 530.11 (6)/NYS Criminal Procedure Law, Section 530.11 (6))*

**নিউইয়র্ক স্টেট 24-ঘণ্টা গার্হ্যস্থ ও যৌন সহিংসতার**
**(Domestic & Sexual Violence) হটলাইন**
**1-800-942-6906**
**ইংরেজি এবং স্পেনীয়, বিবিধ-ভাষায় অ্যাক্সেসযোগ্যতা**
**যারা বধির বা কানে কম শোনেন তাদের জন্য জাতীয় ধারাভাষ্য পরিষেবা:711**

**নিউইয়র্ক সিটি** (সমস্ত ভাষা)
**1-800-621-Hope (4673) বা 311**

**আদালতের তথ্য**

নিউইয়র্ক সিটি--ফৌজদারি আদালতের তথ্য
**1-646-386-4500**

নিউইয়র্ক স্টেটের অন্য অঞ্চলের আদালতের তথ্য পেতে, আদালতের নম্বরগুলির উত্তরপ্রদানকারী আধিকারিককে জিজ্ঞাসা করুন, আপনার ফোন ডিরেক্টরী দেখুন, বা গার্হ্যস্থ ও যৌন সহিংসতার হটলাইনে (1-800-942-6906) ফোন করুন

**ক্ষতিগ্রস্ত ব্যক্তির প্রাত্যহিক তথ্য এবং সূচনা (VICTIM INFORMATION AND NOTIFICATION EVERYDAY, VINE)**

নিউ ইয়র্ক স্টেটের কারাগারে বা স্থানীয় জেলগুলিতে কারারুদ্ধ ব্যক্তিদের স্থিতি এবং মুক্তি পাওয়ার তারিখ সম্পর্কিত তথ্য ক্ষতিগ্রস্ত ব্যক্তি পেতে পারেন। এই কর্মসূচি এবং কীভাবে আপনি নিবন্ধন করতে পারবেন সে সম্পর্কে আরো তথ্যের জন্য, ফোন করুন

**1-888-VINE-4NY (1-888-846-3469) বা www.vinelink.com**

**স্টেটব্যাপী স্বয়ংক্রিয় ক্ষতিগ্রস্ত ব্যক্তির তথ্য এবং সূচনা (STATEWIDE AUTOMATED VICTIM INFORMATION AND NOTIFICATION, SAVIN-NY)**

ক্ষতিগ্রস্ত ব্যক্তির সূচনা কর্মসূচি যা যখন একটি প্রতিরক্ষার আদেশ জারি করা হয় তখন গার্হ্যস্থ সহিংসতার শিকার ব্যক্তিদের অনুচ্ছেদ হওয়ার জন্য নিবন্ধন করার অনুমতি দেয়

**www.nyalert.gov**